



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/4/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর এঙ্কু এম. কুওমোর বিবৃতি স্থানীয় সরকারের বলবতকরণ এবং স্কুলে পরীক্ষার ব্যবস্থা সম্পর্কে

"স্থানীয় সরকার এই হট স্পট জিপ কোডগুলিতে বলবতকরণের কাজ কার্যকরভাবে করেনি। আগামীকাল থেকে রাজ্য আক্রমণাত্মকভাবে এই কাজ করবে। আমরা পানশালা এবং রেস্টুরেন্টের ক্ষেত্রে দেখেছি, যখন রাজ্য বলবৎকরণ কার্যক্রম শুরু করে, তখন অনুবর্তীতা ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছিল। কিন্তু, রাজ্য প্রতিটি অধিক্ষেত্রের জন্য কার্যকর বলবতকরণের দায়িত্ব গ্রহণ করতে পারে না এবং যদি কোন স্থানীয় অধিক্ষেত্র লক্ষনকারী সংস্থার কার্যকর প্রয়োগ করতে না পারে বা না করতে চায়, তাহলে রাজ্যকে অবহিত করুন এবং আমরা হটস্পটগুলিতে সমস্ত ব্যবসায়িক কার্যকলাপ বন্ধ করে দেব যেখানে স্থানীয় সরকারগুলো অনুবর্তীতা লাগু করতে পারে না।

আমি স্কুলে পরীক্ষার অভাব নিয়ে চিন্তিত। যদি ওই সব এলাকাগুলির স্কুলগুলিতে অবিলম্বে পরীক্ষা না করায়, তাহলে রাজ্য অবিলম্বে সেগুলো বন্ধ করে দেবে। আমরা সবাই চাই স্কুলগুলো আবার খোলা হোক যদি তারা নিরাপদে পুনরায় খুলতে পারে। আমি এই রাজ্যের অভিভাবকদের আশ্বস্ত করেছি যে আমি আমার সন্তানকে এমন কোন স্কুলে পাঠাব না যা আমি নিরাপদ বলে জানি না। পরীক্ষা ছাড়া আমরা অভিভাবক এবং শিক্ষকদের ওই স্কুলের নিরাপত্তা সম্পর্কে নিশ্চয়তা প্রদান করতে পারি না।"

###

আরও সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov

নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)